

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
উর্ধ্বতন নিয়োগ-১ অধিশাখা।
www.mopa.gov.bd

নম্বর-০৫.০০.০০০০.১৩০.১২.০০২.১৬-২২২

তারিখ: ০৬ পৌষ ১৪২৩
২০ ডিসেম্বর ২০১৬

পরিপত্র

বিষয়: মন্ত্রণালয়/বিভাগে বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দের দায়িত্ব বন্টন ও নথি ব্যবস্থাপনা।

সূত্র: জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৩/০২/২০১২ তারিখের স্মারক নং ০৫.০০.০০০০.১৩০.১২.০২০.১২-৯২।

মন্ত্রণালয়/বিভাগসমূহে সম্প্রতি পদোন্নতিস্বাপ্ত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণের জন্য পরিবর্তিত অবস্থায় অন্তর্বর্তীকালীন সময়ের জন্য সূত্রোক্ত পত্রের ধারাবাহিকতায় নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে:

ক) উপসচিব ও যুগ্মসচিবের যে সকল ডিউটি পদ পুনর্বিন্যাস করা হয়েছে সে সকল পদে সংযুক্তিত পদায়নকৃত যুগ্মসচিব ও অতিরিক্ত সচিবগণকে দায়িত্ব প্রদান করতে হবে। এছাড়াও কোন কর্মকর্তাকে ডিউটি পদের বহির্ভূত কোন পদে বা বিশেষ কোন দায়িত্ব প্রদান করা যাবে।

খ) অতিরিক্ত সচিববৃন্দের মধ্যে জ্যেষ্ঠতার ভিত্তিতে উইং প্রধান হিসাবে একজনকে দায়িত্ব প্রদান করতে হবে। উইং প্রধানের মাধ্যমে উইংয়ের অন্যান্য যুগ্মসচিব/অতিরিক্ত সচিবগণ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট নথি উপস্থাপন করবেন। তবে কোন বিশেষ দায়িত্বে কর্মরত কোন কর্মকর্তা সরাসরি সচিবের নিকট নথি উপস্থাপন করতে পারবেন।

০২। কর্মকর্তাদের জ্যেষ্ঠতা তালিকা জনপ্রশাসন মন্ত্রণালয় হতে সংগ্রহ করা যাবে।



(ড. মোঃ মোজাম্মেল হক খান) ২০.১২.১৬

সিনিয়র সচিব


জনপ্রশাসন মন্ত্রণালয়

নম্বর-০৫.০০.০০০০.১৩০.১২.০০২.১৬-২২২/১(১০০)

তারিখ: ০৬ পৌষ ১৪২৩
২০ ডিসেম্বর ২০১৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।
২. সিনিয়র সচিব,
৩. সচিব/ভারপ্রাপ্ত সচিব,
৪. মন্ত্রী/ প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৫. সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. সিনিয়র সিস্টেমস এনালিস্ট, পি.এ.সি.সি., জনপ্রশাসন মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।



(সৈয়দা ফারহানা কাউনাইন)

উপসচিব

ফোন: ৯৫৭৪৫৫৮